

## 星 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ১২৩

## **া** আরবি মূল আয়াত:

قَالَ اهبِطا مِنهَا جَمِيعًا بَعضُكُم لِبَعضٍ عَدُقٌ فَاِمَّا يَاتِيَنَّكُم مِّنِي هُدًى فَمَنِ اتَّبَعَ هُدَاى فَلَا يَضِلُ وَلَا يَشقى ﴿١٢٣﴾

## 

তিনি বললেন, 'তোমরা উভয়েই জান্নাত হতে এক সাথে নেমে যাও। তোমরা একে অপরের শক্র। অতঃপর যখন তোমাদের কাছে আমার পক্ষ থেকে হিদায়াত আসবে, তখন যে আমার হিদায়াতের অনুসরণ করবে সে বিপথগামী হবে না এবং দুর্ভাগাও হবে না'। — আল-বায়ান

তিনি বললেন, 'তোমরা দু'জনে (আদাম ও ইবলীস) একই সঙ্গে নীচে নেমে যাও, তোমরা একে অপরের শক্র। অতঃপর আমার নিকট থেকে তোমাদের কাছে সঠিক পথের নির্দেশ আসবে, তখন যে আমার পথ নির্দেশ অনুসরণ করবে সে পথভ্রম্ভ হবে না এবং কষ্টে পতিত হবে না। — তাইসিরুল

তিনি বললেনঃ তোমরা উভয়ে একই সঙ্গে জান্নাত হতে নেমে যাও, তোমরা পরস্পরে পরস্পরের শক্র। পরে আমার পক্ষ হতে তোমাদের নিকট সৎ পথের নির্দেশ এলে, যে আমার পথ অনুসরণ করবে সে বিপথগামী হবেনা ও দুঃখ কষ্ট পাবেনা। — মুজিবুর রহমান

[Allah] said, "Descend from Paradise - all, [your descendants] being enemies to one another. And if there should come to you guidance from Me - then whoever follows My guidance will neither go astray [in the world] nor suffer [in the Hereafter]. — Sahih International

১২৩. তিনি বললেন, তোমরা উভয়ে একসাথে জান্নাত থেকে নেমে যাও। তোমরা পরস্পর পরস্পরের শক্র। পরে আমার পক্ষ থেকে তোমাদের কাছে সৎপথের নির্দেশ আসলে যে আমার প্রদর্শিত সৎপথের অনুসরণ করবে সে বিপথগামী হবে না ও দুঃখকষ্ট পাবে না।

তাফসীরে জাকারিয়া

(১২৩) তিনি বললেন, 'তোমরা একে অপরের শক্ররূপে একই সঙ্গে জান্নাত হতে নেমে যাও। পরে আমার পক্ষ থেকে তোমাদের নিকট সৎপথের নির্দেশ এলে, যে আমার পথনির্দেশ অনুসরণ করবে সে বিপথগামী



## হবে না এবং দুঃখ-কন্টও পাবে না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2471

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন